

যুগান্তর

মাদ্রাসায় অগ্নিকাণ্ড : ঘটনার তদন্ত ঝিমিয়ে পড়েছে

যুগান্তর রিপোর্ট

ডেমরার ছনটেক মহিলা মাদ্রাসায় অগ্নিকাণ্ডের তদন্ত ঝিমিয়ে পড়েছে। আট দিন পেরিয়ে গেলেও পুলিশ তদন্ত চলছে বলেই দায় সারছে। রিমান্ড শেষে গ্রেফতারকৃত আসামিদের জেল হাজতে পাঠিয়ে দেয়া তদন্ত : পৃষ্ঠা : ৬ কলাম : ৬

তদন্ত : ঝিমিয়ে পড়েছে

(৩য় পৃষ্ঠার পর)

হয়েছে। ডেমরা থানার ওসি আবদুল হান্নান গতকাল সন্ধ্যায় যুগান্তরকে বলেন, অগ্নিকাণ্ডের মূল কারণ খুঁজে বের করার ব্যাপারে আমরা আশাবাদী। তিনি বলেন, তদন্তে বেশকিছু ক্লিপাওয়া গেছে। এখন সেগুলো যাচাই করে দেখা হচ্ছে বলে তিনি জানান। মাদ্রাসার এক শিক্ষিকা সায়ফুন্নাহার জানান, অগ্নিকাণ্ডের সময় কয়েকজন ছাত্রীর গায়ে বৃষ্টির ফোঁটার মতো কিছু একটা পড়েছিল। তার ধারণা, সন্ত্রাসীরা চারপাশে পেট্রোল টেলে আগুন জেলে দেয়। এছাড়া আগুন চারপাশ থেকে একসঙ্গে দ্রুত ছড়িয়ে পড়তে তিনি দেখেছিলেন বলে জানান। মাদ্রাসার

প্রিন্সিপালের মেয়ের জামাই মাওলানা মুখলেছুর রহমান কাশেমী জানান, মাদ্রাসার শিক্ষকগণ নিরাপত্তাহীনতায় ভুগছেন। রাতের বেলা অপরিচিত যুবকরা মাদ্রাসা এলাকায় এসে শিক্ষকদের ব্যাপারে খোঁজ নিচ্ছে। তিনি ঘটনাটি থানার ওসিকে জানিয়েছেন বলে জানান।

গত শুক্রবার গভীর রাতে ছনটেক মহিলা মাদ্রাসায় ভয়াবহ অগ্নিকাণ্ডে সাতজন আবাসিক ছাত্রী অগ্নিদগ্ধ হয়ে মারা যায়। আহত হয় অর্ধশতাধিক। এ ঘটনায় পুলিশ ২২ জনকে গ্রেফতার করে চারজনকে চারদিনের রিমান্ডে আনে। গত বৃহস্পতিবার রিমান্ড শেষে আদালত তাদের জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন।